

বিষয় : সড়ক পথে চালের চলাচল সূচী।

সড়ক পরিবহন সূচী নং- ২৯৫/১১-১৩

আশুগঞ্জ এলএসডিতে বর্তমানে ৯১ মে.টন বোরো সিদ্ধ/১৭ ও ১২ মে.টন আমাদানীকৃত আতপ, ২২১৬ মে.টন আমন/১৭-১৮ সহ মোট ২৩১৯ মে.টন চাল মজুদ রয়েছে। ব্রাহ্মণবাড়িয়া সদর এলএসডিতে বর্তমানে ৫৯৭ মে.টন আমাদানী সিদ্ধ, ১০৩ আমাদানী আতপ, ১৬১ মে.টন আমন/১৭-১৮ ও ৩৩ মে.টন গম সহ মোট ৮৯৪ মে.টন মজুদ রয়েছে। আশুগঞ্জ এলএসডিতে ৩৩০৯ মে.টন আমন সংগ্রহ/১৭-১৮ এর লক্ষ্যমাত্রা পাওয়া গেছে ভবিষ্যতে আরো বরাদ্দ পাওয়ার সম্ভাবনা রয়েছে। অপরদিকে ব্রাহ্মণবাড়িয়া সদর এলএসডিতে চালের মজুদ স্বল্প থাকায় আপতকালীন মজুদ গড়ে তোলা প্রয়োজন। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম মহোদয় অদ্য ১৭/০১/২০১৮ খ্রিঃ তারিখ ব্রাহ্মণবাড়িয়া সদর এলএসডি পরিদর্শনকালে আশুগঞ্জ এলএসডি হতে ব্রাহ্মণবাড়িয়া সদর এলএসডিতে ৫০০ মে.টন আমন/১৭-১৮ চাল আনা যেতে পারে মর্মে পরিদর্শন বহিঃতে উল্লেখ করেন।

বর্ণিত অবস্থায়, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম মহোদয়ের ১৭/০১/২০১৮ খ্রিঃ তারিখের নির্দেশনা অনুযায়ী নিম্নরূপ সূচী জারী করা হলঃ

ক্র/নং	প্রেরন কেন্দ্র	প্রাপক কেন্দ্র	পণ্য	পরিবহন ঠিকাদারের নাম	পরিমাণ
১	ভারপ্রাপ্ত কর্মকর্তা, আশুগঞ্জ এলএসডি	সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া সদর এলএসডি	চাল সিদ্ধ/১৭-১৮	মে/আঃ জব্বার ট্রেডার্স	১৬৭.০০০ মে.টন
				মে/সালিম এন্টারপ্রাইজ	১৬৭.০০০ মে.টন
				মে/নুরুল ইসলাম এন্ড ব্রাদার্স	১৬৬.০০০ মে.টন
				মোট =	৫০০.০০০ (পাঁচশত) মে.টন

- উক্ত সূচীর মেয়াদ আগামী ২৫/০১/২০১৮ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।
- প্রেরক ঠিকাদার/প্রতিনিধির উপস্থিতিতে বস্তায় ক্রয়কেন্দ্র ও মিলের স্টেনসিল আছে- তা নিশ্চিত হয়ে পরিবহন যানে খাদ্যশস্য বোঝাই দিবেন।
- কোনো ভাবেই নিম্নমানের ও কীট-যুক্ত খাদ্য শস্য প্রেরণ করা যাবে না।
- প্রেরনকৃত খাদ্যশস্যের গুণগত মান, প্রকার ইত্যাদি ভি-ইনভয়েসে উল্লেখ পূর্বক প্রেরন কেন্দ্র বিধি মোতাবেক ভি-ইনভয়েস ইস্যু করবেন এবং প্রেরণ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ও ঠিকাদারের যৌথ স্বাক্ষরে খাদ্যশস্যের নমুনা সীলগালা সমেত প্রাপক কেন্দ্রে নমুনা প্রেরণ করবেন, প্রেরণ কেন্দ্র ও ঠিকাদার একটি করে নমুনা সংরক্ষণ করবেন।
- ঠিকাদার কর্তৃক ট্রাক স্থাপনের সঙ্গে সঙ্গে অগ্রাধিকার ভিত্তিতে বোঝাই এবং বোঝাইকৃত মালামাল ট্রিপল দ্বারা ঢেকে বেধে দিতে হবে ও প্রাপক কেন্দ্র সঠিক ওজনে মালামাল খালাস করবেন।
- চলাচল সূচীর প্রাপ্ত মালামাল ইনভেন্ট্রির মাধ্যমে গ্রহণ করতে হবে। মালামাল প্রাপ্তির শেষে প্রাপক কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা উক্ত ইনভেন্ট্রির ০১ (এক) কপি প্রাপক কেন্দ্রে এবং ০১ (এক) কপি অত্র দপ্তরে প্রেরণ করবেন। মালামাল প্রাপ্তির শেষে প্রাপক কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক এর যৌথ স্বাক্ষরে প্রাপ্তির পূর্ণাঙ্গ প্রতিবেদন অত্র দপ্তরে প্রেরন করতে হবে।
- নির্ধারিত সময়ের মধ্যে মালামাল পরিবহনে ব্যর্থ হলে সংশ্লিষ্ট ঠিকাদারের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।
- ভি-ইনভয়েসে ভারপ্রাপ্ত কর্মকর্তার অংশ ও প্রতিনিধির অংশ সঠিকভাবে পূরন করতে হবে।
- চুক্তি মোতাবেক চলাচল কার্যক্রম পরিচালিত হবে।

একমাত্র রাষ্ট্রীয় কাজে ব্যবহৃত বুক পোস্ট

প্রেরন সহকারী  
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়  
ব্রাহ্মণবাড়িয়া।

স্বাক্ষর:  
(সাজ্জাদ হোসেন)  
জেলা খাদ্য নিয়ন্ত্রক  
ব্রাহ্মণবাড়িয়া।

ফোন : ০৮৫১-৫৮২৩২।

e-mail : dcf.bbr@dgfood.gov.bd

তারিখ- ১৭/০১/১৮

স্মারক নং- ১৩.০৩.১২০০.০০৫.৫০.০০১.১৬- ১১১ (১৩)

অনুলিপি : সদর অবগতি/ অবগতি ও কার্যার্থে।

- পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইনো-বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
- আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম।
- পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া।
- সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। (উক্ত সূচিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল।)
- উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়া সদর। জারীকৃত সূচী মনিটরিং করার জন্য আপনাকে বলা হল।
- উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।
- সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া সদর এলএসডি।
- কারিগরী খাদ্য পরিদর্শক, অত্র দপ্তর।
- ভারপ্রাপ্ত কর্মকর্তা, আশুগঞ্জ এলএসডি, ব্রাহ্মণবাড়িয়া।
- হিসাব শাখা/সরবরাহ শাখা, অত্র দপ্তর।
- মেসার্স .....
- মাষ্টার নথি।

সড়ক পরিবহন ঠিকাদার, ব্রাহ্মণবাড়িয়া।